

www.nageshwari.kurigram.gov.bd

সভাপতি	নুর আহমেদ মাহুম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৮/০৩/২০২২ খ্রি.
সভার সময়	১১:৩০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তরকে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অধ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	সেবা সহজীকরণে ওয়েব পোর্টাল হালনাগাদের কোন বিকল্প নেই। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং তাগিদ থাকা সত্ত্বেও অনেক দপ্তরের ওয়েবপোর্টাল সঠিকভাবে হালনাগাদ নেই। সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধান(সকল) ইউপি চেয়ারম্যান(সকল)
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	দক্ষ মানব সম্পদ গড়তে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর ভূমিকা অপরিসীম। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত সকল কম্পিউটার সামগ্রী সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা দরকার। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, প্রতিষ্ঠান প্রধান (ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান)
০৩	সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা ও জনসচেতনতা তৈরী	সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের ক্ষেত্রে জনগনকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।	সংশ্লিষ্ট সকল
০৪	সাইবার নিরাপত্তা বিষয়ক	সাইবার অপরাধের বিস্তার রোধে করণীয় সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমের পাশাপাশি আইনের শক্ত প্রয়োগ এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেকের অনলাইন প্ল্যাটফর্ম(মুক্তপাঠ) থেকে সাইবার নিরাপত্তা বিষয়ক কোর্স করা দরকার বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল

০৫	ই-নথি বাস্তবায়ন	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সরকারি সকল সেবা ডিজিটাইজড করার কোন বিকল্প নেই। সেবা সহজীকরণ, জবাবদিহীতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য যে সকল দপ্তর ই-নথির লাইভ আইডি রয়েছে তাদের সকল চিঠি-পত্র ই-নথিতে করা দরকার বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়	সংশ্লিষ্ট সকল দপ্তর সহকারী প্রোগ্রামার
----	------------------	--	--

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নুর আহমেদ মাছুম
উপজেলা নির্বাহী অফিসার


স্মারক নম্বর: ৫৬.০৪.৪৯৬১.০০০.০৬.০০১.২২.৫

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮

২৯ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সভাপতি/সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
- ২) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩) মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
- ৭) সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।



মো: মাইদুল ইসলাম
সহকারী প্রোগ্রামার